

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৮৪৪

আগরতলা, ২৯ মার্চ, ২০২৬

রাজ্যে পেট্রোল, ডিজেল ও এলপিগিজ সরবরাহ স্বাভাবিক রয়েছে : সচিব

রাজ্যে পেট্রোল, ডিজেল ও এলপিগিজ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ সমস্ত পেট্রো পণ্যের মজুতও স্বাভাবিক রয়েছে। আজ খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের অধিকর্তার কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে খাদ্য দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন একথা জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, বাণিজ্যিক এলপিগিজ সরবরাহ ৯০ শতাংশ রয়েছে। এলপিগিজ বুকিং প্রক্রিয়া শহরাঞ্চলে ১৫ থেকে ২৫ দিনের মধ্যে এবং গ্রামাঞ্চলে ৪৫ দিনের পর দেওয়া হচ্ছে। তিনি জানান, রাজ্যে বর্তমানে বোধজংনগর এলপিগিজ প্ল্যান্ট থেকে পাঁচটি জেলা এবং শিলচর থেকে বাকি ৩টি জেলায় এলপিগিজ সরবরাহ চলছে। রাজ্যে বর্তমানে পিএনজি সংযোগ প্রায় ৯০ হাজার। এই সংযোগকে বৃদ্ধি করার উপর কাজ করছে রাজ্য সরকার। এলপিগিজ, পেট্রোল, ডিজেলের কালোবাজারী এবং মজুতদারদের বিরুদ্ধে নজরদারী বৃদ্ধি করা হয়েছে বলেও সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন খাদ্য দপ্তরের বিশেষ সচিব। জ্বালানি, পেট্রোল, ডিজেল সরবরাহ স্বাভাবিক রাখতে প্রতিনিয়ত পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে বলে জানান তিনি। এদিনের সাংবাদিক সম্মেলনে দপ্তরের অধিকর্তা সুমিত লোধ সহ অন্যান্য আধিকারিকরাও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*